ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.০৬৬.২০- ৪২৯

তারিখ: ০৫ কার্তিক ১৪২৮
২১ অক্টোবর ২০২১

অফিস আদেশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর সহকারী ভান্ডার ও ক্রয় কর্মকর্তা পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতন স্কেলে নিম্নবর্ণিত ব্যক্তিকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তাধীনে নিয়োগ করা হলোঃ

ক্রম	প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম	ঠিকানা	পরীক্ষার রোল নম্বর
১।	নাম-মোঃ রাহাত-আল-ফয়সাল (MD. RAHAT-AL-FAYSAL) পিতা- মোঃ আলতাফ হোসেন (MD. ALTAF HOSSAIN) মাতা-হোসনে আরা বেগম (HOSNEARA BEGUM)	বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ রৌশনাবাগ পশ্চিম, ওয়ার্ড নং-০৩, পোঃ পঞ্চগড়-৫০০০, থানাঃ পঞ্চগড় সদর, জেলাঃ পঞ্চগড়।	২২০০০২৫

শর্তসমূহঃ

১। ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারি চাকরি বিধিমালা ২০১৯ এর ৬ (১) (ক) উপবিধি মোতাবেক তাঁকে চাকরির ২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে।

খ) চাকরি স্থায়ীকরণের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারি চাকরি বিধিমালা ২০১৯ এর ৬ (৩) (ক) এবং ৬ (৪) উপবিধি মোতাবেক তাঁকে চাকরির ২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে সন্তোষজনকভাবে সমাপ্ত করতে হবে এবং কর্পোরেশন কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করতে হবে ও নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

গ) উক্ত বিধিমালার ৪ (২) (ক) উপবিধি অনুসারে নিয়োগকৃত ব্যক্তিকে কর্পোরেশন কর্তৃক এ উদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নে স্বাস্থ্যগতভাবে নিয়োগকৃত পদের দায়িত্ব পালনের উপযুক্ত হতে হবে।

ঘ) উক্ত বিধিমালার ৪ (২) (খ) উপবিধি অনুসারে নিয়োগকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযথ এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হবে এবং এতে কর্পোরেশনের চাকরিতে স্থায়ীকরণের জন্য উপযুক্ত হতে হবে।

ঙ) প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন, সনদ যাচাই ও স্বাস্থ্যগত বিষয়ে বিরুপ কোন তথ্য পাওয়া গেলে এবং চাকরির আবেদনে বর্ণিত কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

চ) যোগদানের সময় নিয়োগপত্র ও শিক্ষাগত যোগ্যতা, মুক্তিযোদ্ধা সনদ ও অন্যান্য যাবতীয় সনদ এর মূলকপি সঙ্গে আনতে হবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সনদসমূহের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত রঙিন ছবি যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

২। উপর্যুক্ত শর্তাধীনে নিয়োগকৃত পদে চাকরি করতে ইচ্ছা পোষণ করলে নির্বাচিত ব্যক্তিকে সিভিল সার্জন ঢাকা'র নিকট হতে আগামী ২৫/১০/২০২১ খ্রিঃ তারিখ স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতঃ স্বাস্থ্যগত ফিটনেস সার্টিফিকেট সংগ্রহ পূর্বক আগামী ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখ বুধবার ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার জন্য প্রযোজ্য নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, নির্বাচিত প্রার্থীগণের জ্যেষ্ঠতা নিরূপণের ক্ষেত্রে নিয়োগ পরীক্ষার মেধাক্রমই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২১/১০/২০২১

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল).....,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮। জনাব.....।
৯। অফিস কপি।